

# সমবায় ব্যাঙ্কগুলিকে নতুন করে স্বনির্ভর করতে উদ্যোগী রাজ্য

রিনা ভট্টাচার্য

সমবায় ব্যাঙ্কগুলিকে নতুন করে স্বনির্ভর করতে উদ্যোগী হল রাজ্য সরকার। মঙ্গলবার রাজ্যের মুখ্যসচিব এইচ কে দ্বিবেদী পঞ্চায়েত, সমবায়, স্বনির্ভর-সহ গ্রামোন্নয়নের সঙ্গে যুক্ত সব দপ্তরের সঙ্গে বৈঠক করেন। বৈঠকে জেলাশাসকরা ভারুয়ালি ছিলেন। নবান্ন সূত্রে খবর, প্রাথমিক কৃষিক্ষণদান সমিতির আর্থিক কার্যকলাপ বাড়াতে বলা হয়েছে। রাজ্যে এই ধরনের প্রায় আড়াই হাজার সমিতি

রয়েছে। প্রত্যেকটি সমিতির কাজকর্ম কম্পিউটার নির্ভর করে তুলতে হবে। এই সমিতিগুলি যাতে ব্যাঙ্কের মতো কাজ করে তার ব্যবস্থা করতে হবে। রাজ্যের ব্যাঙ্ক নির্ভরশীল প্রকল্পগুলি যাতে সমবায় ব্যাঙ্ক নির্ভর হয়ে ওঠে তার চেষ্টা চালিয়ে যেতে হবে। সমবায় ব্যাঙ্কগুলিকে স্বনির্ভর করে তুলতে জেলাশাসকদের নিয়ে ইতিমধ্যেই কমিটি গঠন করা হয়েছে। এই কাজে ওই কমিটিকে আরও সক্রিয় হতে বলেছেন মুখ্যসচিব। গ্রামোন্নয়নে যে সমস্ত প্রকল্পের কাজ এখনও চলছে,

তা দ্রুত শেষ করতে বলা হয়েছে। সরকার প্রামাণ্য রাস্তা নির্মাণের জন্য ২ থেকে ৩ হাজার কোটি টাকা বরাদ্দ করেছে। এই টাকায় যে সব রাস্তা তৈরি হবে তার গুণমান যাতে ভাল হয় তা দেখতে জেলাশাসকদের নির্দেশ দিয়েছেন মুখ্যসচিব। যে সব জেলায় চলতি প্রকল্পের কাজ কিছুটা পেছিয়ে রয়েছে তাদের মার্চের মধ্যে শেষ করতে নির্দেশ দিয়েছেন। বিদ্যালয়ের কাছাকাছি থাকা অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলোকে অন্যত্র স্থানান্তরিত করতে বলা হয়েছে।